**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**
**সংখ্যা : ৫/২০১৭**

**ঢাকা, বৃহস্পতিবার ৫ জানুয়ারি ২০১৭, ২২ পৌষ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ইসলামে জঙ্গিবাদের স্থান নেই : ভিডিও কনফারেন্সে প্রধানমন্ত্রী

২। সংসদ সদস্য হত্যা মেনে নেয়া যায় না : দ্রুত গ্রেফতার ও বিচারের নির্দেশ প্রধানমন্ত্রীর

৩। ন্যাপের ৭ দফা ও সাম্যবাদী দলের ৯ দফা প্রস্তাব : রাষ্ট্রপতির সঙ্গে সংলাপ

৪। শওকত ওসমান বিদ্রুপের ছলে প্রতিবাদ করেছেন : জন্মশতবার্ষিকীর অনুষ্ঠানে অর্থমন্ত্রী

৫। নির্বাচন কমিশন পুনর্গঠনে রাষ্ট্রপতির নির্দেশনার পর আইন করার উদ্যোগ : আইনমন্ত্রী

৬। উদ্ভাবিত প্রযুক্তি হতে হবে অবশ্যই কৃষকবান্ধব : কৃষিমন্ত্রী

৭। হাতিরঝিলকে ঢাকার আইকন হিসেবে গড়ে তোলা হচ্ছে : গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী

৮। সাবেক মন্ত্রী মোস্তফা ফারুক মোহাম্মদের ইন্তেকাল : প্রধানমন্ত্রীর শোক প্রকাশ

৯। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের খাতা দক্ষ শিক্ষক দিয়ে কেন মূল্যায়ন নয় : হাইকোর্টের রুল

১০। রপ্তানি আয়ে প্রবৃদ্ধি সাড়ে ৪ শতাংশ : রপ্তানি উন্নয়ন ব্যুরোর প্রতিবেদন

১১। ২০১৬ সালে সড়ক দুর্ঘটনায় দিনে ১৬ জনের মৃত্যু : পর্যবেক্ষণ প্রতিবেদন

১২। শিক্ষা খাতে সঠিক বিনিয়োগে মিলবে ১৯ গুণ সুফল :সেমিনারে বক্তরা

চলমান পাতা-২

১। **ইসলামে জঙ্গিবাদের স্থান নেই : ভিডিও কনফারেন্সে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আমরা চাই ছেলেমেয়েরা লেখাপড়া করে মানুষের মতো মানুষ হবে। আগামী দিনে দেশের নেতৃত্ব দেবে। তাই তাদের সুশিক্ষায় শিক্ষিত হতে হবে। তবে জঙ্গিবাদ থেকে মুক্ত থাকতে হবে। কারণ জঙ্গিবাদ ও সন্ত্রাস মানুষের শান্তি নষ্ট করে, দেশের উন্নয়ন বাধাগ্রস্ত করে। তিনি বলেন, শান্তির ধর্ম ইসলামে জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদের স্থান নেই। মানুষ মেরে কেউ বেহেশতে যাবে না। তাই জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ রুখে দেওয়ার আহ্বান জানান তিনি। গতকাল ৪ জানুয়ারি বুধবার প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে (বেরোবি) ড. ওয়াজেদ ইন্টারন্যাশনাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং ইনস্টিটিউট এবং ছাত্রীদের জন্য শেখ হাসিনা হল নামে দুটি স্থাপনার ভিত্তি প্রস্তর স্থাপনকালে তিনি এসব কথা বলেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ কে এম নূর উন-নবী বিশ্ববিদ্যালয়ের স্বাধীনতা স্মারক প্রাঙ্গণে অনুষ্ঠানটি সঞ্চালন করেন। সকাল সোয়া **১০** টা থেকে বেলা **১১**টা **১৮** মিনিট পর্যন্ত বেরোবির সঙ্গে এ ভিডিও কনফারেন্স চলে। এদিন প্রধানমন্ত্রী শেখ হাসিনা পঞ্চগড়, দিনাজপুর, কুড়িগ্রাম ও গাইবান্ধার তৃর্ণমূল পর্যায়ের বিভিন্ন পেশাজীবী জনগণের সঙ্গে সরাসরি ভিডিও কনফারেন্সের মাধ্যমে কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩)। **ইত্তেফাক, এশিয়ান এজ**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **সংসদ সদস্য হত্যা মেনে নেয়া যায় না : দ্রুত গ্রেফতার ও বিচারের নির্দেশ প্রধানমন্ত্রীর**

গাইবান্ধা সংসদ সদস্য মনজুরুল ইসলাম লিটন হত্যার জন্য জামায়াত সহ স্বাধীনতা বিরোধী শক্তিকে দায়ী করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সংসদ সদস্য মনজুরুল ইসলাম লিটনের ওপর জামায়াতের ক্ষোভ ছিল। তিনি সব সময় জামায়াতের বিরুদ্ধে অবস্থান নিয়েছিলেন। গাইবান্ধায় গোলাম আযমের সমাবেশ করতে বাধা দিয়েছিলেন। লিটনের হত্যাকান্ড আমরা মেনে নিতে পারি না। এ হত্যার কারণ ও হত্যাকারীদের যেভাবেই হোক খুঁজে বের করতে হবে। দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে আমাদের সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে। সন্ত্রাস ও জঙ্গিবাদের স্থান বাংলার মাটিতে হবে না। গতকাল ৪ জানুয়ারি বুধবার গণভবনে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদ ও উপদেষ্টা পরিষদের যৌথ বৈঠকের সূচনা বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১)। **জনকণ্ঠ, ভোরের কাগজ, যুগান্তর** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৩। **ন্যাপের ৭ দফা ও সাম্যবাদী দলের ৯ দফা প্রস্তাব : রাষ্ট্রপতির সঙ্গে সংলাপ**

নির্বাচন কমিশন গঠনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সংলাপ করে বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী লীগ পার্টি (ন্যাপ) ৭ দফা ও বাংলাদেশের সাম্যবাদী দল ৯ দফা প্রস্তাব দিয়েছে বলে জানা গেছে। দল দুটির পৃথকভাবে রাষ্ট্রপতির সঙ্গে সংলাপের সময় এই প্রস্তাব দেওয়া হয়। গতকাল ৪ জানুয়ারি বুধবার বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে ন্যাপের কার্যনির্বাহী সভাপতি আমিনা আহমেদের নেতৃত্বে ১০ সদস্যের একটি প্রতিনিধি দল সংলাপে অংশ নেয়। অন্যদিকে সাম্যবাদী দলের সাধারণ সম্পাদক সাবেক শিল্পমন্ত্রী দিলীপ বড়ুয়ার নেতৃত্বে **১২** সদস্যের একটি প্রতিনিধি দল সংলাপে অংশ নেয়। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৭)।

৪। **শওকত ওসমান বিদ্রুপের ছলে প্রতিবাদ করেছেন : জন্মশতবার্ষিকীর অনুষ্ঠানে অর্থমন্ত্রী**

শওকত ওসমান ছিলেন জাত বিদ্রোহী। **১৯৭৫** এর **১৫** আগস্ট বঙ্গবন্ধু হত্যাকাণ্ডের প্রতিবাদে দেশ থেকে স্বেচ্ছা নির্বাসনে গিয়ে তিনি নিজের অন্তর্গত বিদ্রোহী সত্তার প্রকাশ ঘটিয়েছেন। আবার 'ক্রীতদাসের হাসি'সহ নানা রচনায় ব্যঙ্গ-বিদ্রূপের মধ্য দিয়ে মূলত অন্যায়ের বিরুদ্ধে নিজের প্রতিবাদ অবস্থানের জানান দিয়েছেন। গতকাল ৪ জানুয়ারি বুধবার বাংলা একাডেমির আবদুল করিম সাহিত্যবিশারদ মিলনায়তনে খ্যাতনামা কথা শিল্পী শওকত ওসমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.৩,ক.৭)।

৫। **নির্বাচন কমিশন পুনর্গঠনে রাষ্ট্রপতির নির্দেশনার পর আইন করার উদ্যোগ : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক বলেছেন, নির্বাচন কমিশন গঠন নিয়ে রাষ্ট্রপতির নির্দেশনা পাওয়ার পরই নতুন আইন করার উদ্যোগ নেওয়া হবে। তিনি বলেন, নির্বাচন কমিশন প্রতীক তালিকা থেকে 'দাঁড়িপাল্লা' বাদ দেওয়ার সিদ্ধান্তকে সম্মতি জানিয়েছে আইন মন্ত্রণালয়। নির্বাচনী প্রতীক নির্ধারণের ক্ষমতা নির্বাচন কমিশনের হাতে।

তারা যদি কোনো প্রতীক বাদ দিতে বা যুক্ত করতে চায়, সেটা আইনগতভাবে তারা পাবে। গতকাল ৪ জানুয়ারি বুধবার রাজধানীর বিচার প্রশাসন ও প্রশিক্ষণ ইনস্টিটিউটে একটি প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনের পর তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮)**, ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭),**অবজারভার** (পৃ.৩,ক.৭)।

**৬। উদ্ভাবিত প্রযুক্তি হতে হবে অবশ্যই কৃষকবান্ধব : কৃষিমন্ত্রী**

দেশের কৃষকদেরও অনেক বেশি উদ্ভাবনী শক্তি রয়েছে উল্লেখ করে কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বলেছেন, আমাদের কৃষক কিন্তু নিজেই অনেক কিছু উদ্ভাবন করেন। তাদের একটি উদ্ভাবনী ও পর্যবেক্ষণ শক্তি আছে। কৃষক তার জমির প্রতিটি পরিবর্তন নিবিড়ভাবে পর্যবেক্ষণ করেন। তাই প্রযুক্তি উদ্ভাবনের ক্ষেত্রে তা হতে হবে অবশ্যই কৃষকবান্ধব। নতুন উদ্ভাবিত সেবাগুলো কৃষকের দোরগোড়ায় পৌঁছে দেয়ার আহ্বান জানিয়ে মন্ত্রী বলেন, কৃষিতে শক্ত ভিত্তির ওপর দাঁড়াতে না পারলে দেশের উন্নয়ন ব্যাহত হবে। তাই কৃষিতে তথ্যপ্রযুক্তি কাজে লাগাচ্ছে বর্তমান সরকার। এই সেবাগুলোকে কৃষকের দোরগোড়ায় পৌঁছে দিতে হবে। গতকাল ৪ জানুয়ারি বুধবার দুপুরে রাজধানীর খামারবাড়ির আ.কা.মু গিয়াসউদ্দিন মিলকী অডিটোরিয়ামে কৃষি সম্প্রসারণের উদ্ভাবিত মোবাইল এ্যাপ ভিক্তিক তিন সেবার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ.পৃ, ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **প্রথম আলো** (পৃ.১৬,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৩)।

**৭। হাতিরঝিলকে ঢাকার আইকন হিসেবে গড়ে তোলা হচ্ছে : গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী**

গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন বলেছেন, হাতিরঝিলকে ঢাকার আইকন হিসেবে গড়ে তোলা হচ্ছে। এখানে উন্নতমানের একটি কনভেনশন সেন্টার তৈরি করা হবে। অত্যাধুনিক অপেরা হাউসও নির্মাণ করা হচ্ছে। উন্মুক্ত মঞ্চটির নির্মাণ কাজ শেষ পর্যায়ে রয়েছে এবং এটি শীঘ্রই খুলে দেওয়া হবে। ঢাকাকে বিশেষভাবে পরিচিত করতে হাতিরঝিলে লন্ডন আই বা সিঙ্গাপুরের মতো একটি স্থাপনা নির্মাণ করা হবে। গতকাল ৪ জানুয়ারি বুধবার গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন হাতিরঝিল পরিদর্শনকালে এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৮,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইনকিলাব** (পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.২)।

**৮। সাবেক মন্ত্রী মোস্তফা ফারুক মোহাম্মদের ইন্তেকাল : প্রধানমন্ত্রীর শোক প্রকাশ**

সাবেক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রী, যশোর-২ আসনের সাবেক সংসদ সদস্য ও সাবেক রাষ্ট্রদূত মোস্তফা ফারুক মোহাম্মদ গতকাল ৪ জানুয়ারি বুধবার রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তার বয়স হয়েছিল ৭৪ বছর। তিনি স্ত্রী ও দুই কন্যা রেখে গেছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ.পৃ,ক.৪), **প্রথম আলো** (পৃ.৪,ক.৭), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮)।

**৯। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের খাতা দক্ষ শিক্ষক দিয়ে কেন মূল্যায়ন নয় : হাইকোর্টের রুল**

দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক কর্তৃক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার খাতা মূল্যায়ন কেন নির্দেশ দেওয়া হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছে হাইকোর্ট। একই সঙ্গে এ ধরণের শিক্ষক দিয়ে পরীক্ষা খাতা মূল্যায়ন বিবাদীদের নিষ্কীয়তাকে কেন বেআইনি ঘোষণা করা হবে না রুলে তাও জানতে চাওয়া হয়েছে। আগামী চার সপ্তাহের মধ্যে শিক্ষা সচিব, শিক্ষা বোর্ডসমূহের চেয়ারম্যানদেরকে এই রুলের জবাব দিতে বলা হয়েছে। বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি জেবিএম হাসানের ডিভিশন বেঞ্চ গতকাল ৪ জানুয়ারি বুধবার এই আদেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬)**, প্রথম আলো** (পৃ.৫,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**১০। রপ্তানি আয়ে প্রবৃদ্ধি সাড়ে ৪ শতাংশ : রপ্তানি উন্নয়ন ব্যুরোর প্রতিবেদন**

চলতি ২০১৬-১৭ অর্থবছরের প্রথম ৬ মাসে (জুলাই-ডিসেম্বর) দেশে রপ্তানি আয় হয়েছে এক হাজার ৬৭৯ কোটি ৮১ লাখ মার্কিন ডলার। যা আগের অর্থবছরের একই সময়ের তুলনায় ৪ দশমিক ৪৪ শতাংশ বেশি। তবে রপ্তানি থেকে এ আয় এ সময়ের লক্ষ্যমাত্রার তুলনায় প্রায় ৫৭ কোটি ডলার কম। এছাড়া একক মাস হিসেবে সর্বশেষ ডিসেম্বরে রপ্তানি আয় আগের বছরের একই মাসের তুলনায় ৩ দশমিক ৩ শতাংশ কমেছে। সংশ্লিষ্টরা বলছেন, দেশের রপ্তানি আয় পোশাক খাতনির্ভর। রাজনৈতিক অস্থিরতা না থাকায় পোশাক খাতের রপ্তানি বাড়ছে। যার ফলে পুরো রপ্তানি আয়ে প্রবৃদ্ধি ধরে রাখা সম্ভব হচ্ছে। রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) হালনাগাদ প্রতিবেদন থেকে জানা যায়, চলতি বছরের প্রথম ৬ মাসে লক্ষ্যমাত্রা ছিল এক হাজার ৭৩৬ কোটি ৭০ লাখ ডলার। এর বিপরীতে আয় হয়েছে এক ৬৭৯ কোটি ৮১ লাখ লাখ ডলার। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৬), **ফিনানশিয়াল একপ্রেস** (শেষ পৃ.,ক.১),

**১১।	২০১৬ সালে সড়ক দুর্ঘটনায় দিনে ১৬ জনের মৃত্যু : পর্যবেক্ষণ প্রতিবেদন**

২০১৫ সালের তুলনায় ২০১৬ সালে সড়ক দুর্ঘটনার সংখ্যা কমেছে। কমেছে হতাহতের সংখ্যাও। এরপর গত বছর ৪ হাজার ৩১২ টি সড়ক দুর্ঘটনায় ৬ হাজার ৫৫ জন নিহত হয়েছেন। অথাৎ দিনে অন্তত ১৬ জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছে ১৫ হাজার ৯১৪ জন। বাংলাদেশ সড়ক দুর্ঘটনা পর্যবেক্ষণ প্রতিবেদনে ২০১৬'তে এ তথ্য উঠে এসেছে। বাংলাদেশ যাত্রীকল্যাণ সমিতির তৈরি করা প্রতিবেদনটি গতকাল ৪ জানুয়ারি বুধবার রাজধানীর জাতীয় প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে এ তথ্য তুলে ধরা হয়। প্রতিবেদনটি উপস্থাপন করেন সমিতির মহাসচিব মো. মোজাম্মেল হক চৌধুরী। সূত্র-**প্রথম আলো** (শেষ পৃ.,ক ৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

**১২।	শিক্ষা খাতে সঠিক বিনিয়োগে মিলবে ১৯ গুণ সুফল :সেমিনারে বক্তরা**

বিনিয়োগ হিসেবে শিক্ষা সবচেয়ে লাভজনক হলেও এ খাতে প্রত্যাশা অনুযায়ী বাজেট বরাদ্দ হচ্ছে না। অথচ শিক্ষা খাতে প্রারম্ভিক শিশু বিকাশে সঠিকভাবে এক টাকা বিনিয়োগ করলে তার বিপরীতে ১৯ গুণ সুফল মিলবে। গতকাল ৪ জানুয়ারি বুধবার রাজধানীর মহাখালীর ব্র্যাক সেন্টারে আয়োজিত 'বাংলাদেশের শিক্ষা খাতে নীতিগত অগ্রাধিকার' শীর্ষক সেমিনারে বক্তারা এসব কথা বলেন। বাংলাদেশ সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নে করণীয় নিয়ে সুপারিশমালা তুলে ধরতে ব্র্যাক ও আন্তর্জাতিক গবেষণা সংস্থা কোপেনহেগেন কনসেনসাস সেন্টারের যৌথ আয়োজনে এ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.২), **ইনকিলাব** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.৪,ক.২)।

**সম্পাদকীয়**

ক.	**ইত্তেফাক, সংবাদ, প্রথম আলো, সমকাল,ইনকিলাব, যুগান্তর, যায়যায়দিন, ডেইলি স্টার, ডেইলি সান, নিউ এজ, অবজারভার, ফিনানসিয়াল এক্সপ্রেস, নিউজ টুডে, নিউ নেশন, ইন্ডিপেনডেন্ট :** রাজধানীর গুলশান-১ নম্বরের ডিএনসিসি মার্কেটে অগ্নিকাণ্ডে ৬৩৪টি দোকান পুড়ে প্রায় ৫০০ কোটি টাকার ক্ষতি হওয়ার বিষয় তুলে ধরে ব্যবসায়ীদের ক্ষতিপূরণ ও পুনর্বাসনের ব্যবস্থা নিশ্চিত করাসহ অন্যান্য সব মার্কেট ও শপিং মলে অগ্নি নির্বাপন ব্যবস্থা নিশ্চিত করার সুপারিশ ।

খ.	**জনকণ্ঠ :** বৈদেশিক মুদ্রা অর্জনে চামড়া শিল্পের বিরাট অবদান থাকায় এ শিল্পের সম্প্রসারণে সুষ্ঠু পরিকল্পনা এবং বিশেষ সক্রিয়তা জরুরী বলে অভিমত।

গ.	**সংবাদ :** পর্যাপ্ত অবকাঠামো ছাড়াই ৫৬ হাজার প্রাথমিক বিদ্যালয় চলার পরিপ্রেক্ষিতে মাদ্রাসা নয়, প্রাথমিক বিদ্যালয়ের অবকাঠমো উন্নয়নে গুরুত্ব দেওয়ার আহ্বান।

ঘ.	**যুগান্তর :** হাইকোর্টে বিচারাধীন পাঁচ শতাধিক জেল আপিল অনিষ্পন্ন থাকার বিষয়টি উদ্বেগজনক বলে মন্তব্য করে অসহায় কারাবন্দিদের দুর্ভোগ-দুর্দশা কমাতে এ ব্যাপারে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা।

ঙ.	**সমকাল :** নরসিংদীর পলাশ ও ঘোড়াশাল ইউরিয়া সার কারখানা থেকে অ্যামোনিয়া গ্যাস নিঃসরণের বিরূপ প্রতিক্রিয়ার ব্যাপারে কর্তৃপক্ষকে অবিলম্বে পদক্ষেপ নিয়ে ক্ষতিগ্রস্ত এলাকাবাসীদের ক্ষতিপূরণ দেওয়ার সুপারিশ।

চ.	**ইনকিলাব, যায়যায়দিন, ইন্ডিপেনডেন্ট :** দেশজুড়ে ভূমিকম্প অনুভূত হওয়ায় বিষয়টি আমলে নিয়ে সতর্কতা অবলম্বনে কার্যকর উদ্যোগ গ্রহণসহ বিশেষজ্ঞদের পরামর্শসহ সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে উদ্ধার সরঞ্জামাদি ক্রয়ে যথাযথ প্রস্তুতি গ্রহণের আহ্বান।

ছ.	**ডেইলি সান :** নারী উদ্যোক্তাদের প্রয়োজনীয় আর্থিক সহায়তাসহ পলিসি সহায়তা প্রদান করে তাদেরকে জাতীয় অর্থনীতিতে আরও অবদান রাখার পথ সুগম করে দেওয়ার সুপারিশ।

জ.	**ডেইলি স্টার :** ঢাকা-সিলেট রেল লাইনের কুলাউড়া উপজেলার রেলওয়ে ব্রিজের ৫০ শতাংশ কাঠের স্লিপার নষ্ট থাকায় জননিরাপত্তার স্বার্থে কর্তৃপক্ষকে দ্রুত রেললাইন সংস্কার করাসহ রেললাইন যথাযথভাবে তদারকি করার ওপর গুরুত্বারোপ।

ঝ.	**নিউ নেশন :** বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অর্থ প্রায়োরিটি প্রজেক্ট ও অর্ধ সমাপ্ত প্রজেক্টের নামে অপব্যবহার করা হলে দেশের প্রত্যাশিত উন্নয়ন ব্যাহত হবে বলে অভিমত প্রকাশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে ।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে ২০১৭ সালে যদি দেশের কর্মসংস্থান পরিস্থিতির উন্নতি না হয়, লোকের চাকরি হারানোর ঘটনা যদি অব্যাহত থাকে তাহলে সাধারণ লোক, মধ্যবিত্তের আর্থিক অবস্থার অবনতি ঘটতে পারে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে **'প্রত্যাশা ও সম্ভাবনার বছর হোক ২০১৭'** শিরোনামের নিবন্ধে ড. মো. হুমায়ুন কবীর সর্বদলের সহমতের ভিত্তিতে নির্বাচন কমিশন গঠিত হতে পারলে আগামী জাতীয় নির্বাচন সুষ্ঠু ও গ্রহণযোগ্য হওয়ার সম্ভাবনা বৃদ্ধি পাবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা